



# Aalo

*Imparting knowledge, empowering lives...*

Regd. No. : 06231 of 2011 (Trust Act) Serial No.: 09529 of 2011 Govt. of West Bengal

## উত্তরবঙ্গের আবেদনকারীদের জন্য

প্রিয় শিক্ষার্থী,

আলোর ছাত্রবৃত্তির ব্যক্তিগত সাক্ষাৎকারে যোগ্যতা অর্জন করার জন্য শুভেচ্ছা ও অভিনন্দন। সাক্ষাৎকারের সাফল্যের ওপর বৃত্তি লাভ নির্ভর করছে। সাক্ষাৎকারে একাদশ শ্রেণীর পাঠ্যের প্রতি গুরুত্ব দেওয়া হবে। আগামী ৮ই ডিসেম্বর, ২০১৯ (২১ই অগ্রহায়ণ, ২০২৬ রবিবার) শিলিগুড়ির দেশবন্ধু পাড়াতে পশ্চিমবঙ্গ বিজ্ঞান মঞ্চের উমা বসু ভবনে নিম্নলিখিত নথি নিয়ে আসতে হবে:

১. আলোর ফর্মের প্রিন্ট আউট (বর্তমান পাঠরত বিদ্যালয়ের প্রধান শিক্ষকের স্বাক্ষরসহ), ২. মাধ্যমিকের অ্যাডমিট ও মার্কশিট (জেরক্স ও অরজিনাল), ৩. আয়ের অরজিনাল প্রমাণপত্র (BDO/SDO/ PRODHAN/COUNCELLOR), ৪. SC/ST/OBC/PWD Certificate (জেরক্স ও অরজিনাল) এবং অন্যান্য প্রয়োজনীয় তথ্যাদি।

শিলিগুড়ির পশ্চিমবঙ্গ বিজ্ঞান মঞ্চের উমা বসু ভবনে আসার পথ নির্দেশঃ

নিউ জলপাইগুড়ি রেল স্টেশন থেকে টোট/অটো/রিক্সা করে দেশবন্ধু পাড়াতে পশ্চিমবঙ্গ বিজ্ঞান মঞ্চের উমা বসু ভবনে আসে যাবে (সন্নিহিত দাদাভাই ক্লাব/ বেলা বেকারী/তরাই স্কুল)

তেনজিং নোরগে বাসস্ট্যান্ড থেকে নিউ জলপাইগুড়ি গামী যে অটোগুলি দেশবন্ধু পাড়া হয়ে যায়, তাতে করে দাদাভাই ক্লাব/ বেলা বেকারী/তরাই স্কুল-এর কাছে নামতে হবে।

আলোর বৃত্তি গ্রহণে নিম্নলিখিত শর্তাবলী পালন আবশ্যিক:

১. বৃত্তিগ্রহণের জন্য বছরে তিনবার আলোর অনুষ্ঠানে আসা বাধ্যতামূলক। এই শর্তপূরণে অসুবিধা থাকলে ব্যক্তিগত সাক্ষাৎকারে আসার প্রয়োজন নেই।

২. আলো বৃত্তি প্রদানের সঙ্গে সঙ্গে পড়াশোনার সম্পূর্ণ তদারকির দায়িত্ব পালন করে আসছে। এই তদারকির কাজে আলোর সদস্যদের সঙ্গে সহযোগিতা একান্তভাবে কাম্য।

৩. বাৎসরিক ৭২০০ টাকা অর্থাৎ মাস প্রতি ৬০০ টাকা করে বৃত্তি দেওয়া হইবে। তবে একাদশ শ্রেণীর বাৎসরিক বা দ্বাদশ শ্রেণীর নির্বাচনী পরীক্ষায় ফলাফল আশানুরূপ না হলে, কর্তৃপক্ষ বৃত্তি বন্ধ করে দিতে বাধ্য থাকবে।

৪. শুভবুদ্ধিসম্পন্ন মানুষদের অনুদানের ওপর আলোর কার্যাবলী সম্পূর্ণভাবে চালিত হয়। ফলে অর্থের অভাবে যদি বৃত্তি প্রদান সম্ভব না হয়, তার জন্য কর্তৃপক্ষ কোনরকম দায়ী নয়।

৫. শুধুমাত্র পড়াশোনা সংক্রান্ত বিষয়ে আলোর বৃত্তি ব্যবহার একান্তভাবেই কাম্য।

শ্রী শ্রী ঠাকুর রামকৃষ্ণ, শ্রী শ্রী মা সারদা ও শ্রী শ্রী স্বামী বিবেকানন্দের পদতলে আলোর প্রার্থনা তোমার ভবিষ্যৎ আরও আলোকোজ্জ্বল হোক।

আর্শিবাদান্তে

আলো

✉: 81 Indra Biswas Road, Kolkata- 700037, WB

Website: [www.aalo.org.in](http://www.aalo.org.in), @: [aalo.rkmrcn@gmail.com](mailto:aalo.rkmrcn@gmail.com)

☎ 8348444950

☎ 9433542798